



সরকারের ছয় মাসের অঙ্গীকারের অধিকাংশই পূরণ হয়েছে: রিজভী



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

বর্তমান সরকারের ছয় মাসের অঙ্গীকারের অধিকাংশই বাস্তবায়িত হয়েছে বলে দাবি করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী।

গুৱাবার (১৪ আগস্ট) রাজধানীর নয়াপল্টনে বিএনপির সাবেক চেয়ারপারসন খালেদা জিয়ার জন্মবার্ষিকী উপলক্ষে দলের কর্মসূচি নিয়ে আয়োজিত ব্রিফিংয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

রিজভী বলেন, সরকারের দেওয়া লক্ষ্যগুলোর সবকিছু শতাংশ বাস্তবায়ন না হলেও সামগ্রিকভাবে এর বড় অংশই পূরণ হয়েছে। কোনো কোনো ক্ষেত্রে বাস্তবায়নের হার ৯০ থেকে ৯৫ শতাংশ পর্যন্ত হয়েছে বলেও মন্তব্য করেন তিনি। সরকারের ছয় মাস পূর্তিতে অঙ্গীকারগুলোর বাস্তবায়নের অগ্রগতি নিয়ে লিখিত প্রতিবেদন প্রকাশ করা হবে বলেও জানান তিনি।

বিএনপির পরবর্তী মহাসচিব কে হবেন, সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে রিজভী বলেন, দলের সিদ্ধান্ত অনুযায়ী বিষয়টি জানানো হবে। এ ক্ষেত্রে দলের পক্ষ থেকে কোনো তথ্য গোপন রাখা হবে না এবং প্রয়োজনীয় সিদ্ধান্তগুলো সাংবাদিকদের অবহিত করা হবে।

রাষ্ট্রপতি হিসেবে শপথ নেওয়ার আগে মির্জা ফখরুল ইসলাম আলমগীরের বিএনপি মহাসচিবের পদ ছাড়ার বিষয়ে তিনি বলেন, পদত্যাগ করা তার জন্য বাধ্যতামূলক ছিল না। তবে নৈতিক অবস্থান থেকেই তিনি দলীয় পদ ছেড়েছেন।

এদিকে খালেদা জিয়ার জন্মবার্ষিকী উপলক্ষে আগামীকাল সারাদেশে দোয়া মাহফিলের আয়োজন করেছে বিএনপি। নয়াপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে সকাল ১১টায় এবং গুলশান কার্যালয়ে বাদ আসর দোয়া অনুষ্ঠিত হবে। একই সময়ে দেশের বিভিন্ন স্থানে দলীয় কার্যালয়গুলোতেও বিএনপির উদ্যোগে দোয়া মাহফিল আয়োজন করা হবে।